গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৬.০০.০০০০.০৮৬.১১.০০২.১৪- ১২৪৯

তারিখ : ০৫ পৌষ ১৪২৩ / ১৯ ডিসেম্বর ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে ৬ নং কলামে বর্ণিত জেলাসমূহের যোগ্য প্রার্থীদের মধ্য হতে পূরণ করার লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে সরকারি নির্ধারিত ফরমে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে ঃ

ক্রম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন ক্রম	শিক্ষাগত যোগ্যতা, কারিগরী যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সমস্ত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	২	৩	৪	৫	৬
১.	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	১৪(চৌদ্দ) টি	১১০০০-২৬৫৯০/-	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
২.	কম্পিউটার অপারেটর	৬ (ছয়) টি	১১০০০-২৬৫৯০/-	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)। বিভাগীয় ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর পদে ০২ (দুই) বছরের অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এইচএসসি। এবং (খ) Operator's Aptitude Test- এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
৩.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২ (দুই) টি	৯৩০০-২২৪৯০/-	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
৪.	ডাটা এন্ট্রি অপারেটর	১(এক)টি	৯৩০০-২২৪৯০/-	(ক) এইচএসসি (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) এবং (ঘ) Data Entry Operator-দের জন্য Standard Aptitude Test- এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
৫.	ক্যাশিয়ার	১(এক)টি	৯৩০০-২২৪৯০/-	(ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে (বি.কম, মার্কেটিং, ফাইন্যান্স, একাউন্টিং, ম্যানেজম্যান্ট, বিবিএ, এমবিএ) কমপক্ষে স্নাতক ডিগ্রী থাকতে হবে। (খ) বাংলা ও ইংরেজী টাইপে গতি প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ হতে হবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।
৬.	অফিস সহায়ক	১৮ (আঠার) টি	৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, লক্ষ্মীপুর, রাজশাহী, বগুড়া, নাটোর, চাপাইনবাবগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, পিরোজপুর, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।

নিম্নবর্ণিত শর্তগুলি আবেদন ফরম পুরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১. ০১ জানুয়ারি ২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।

৩. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে।

৫. সকল পদের প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ক্রমিক নং ১ হতে ৫ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৬. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৮. কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ট্রি অপারেটর পদগুলি এবং অফিস সহায়কের ৬টি পদ অস্থায়ীভাবে সংরক্ষিত পদ।

৯. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বাণিজ্য মন্ত্রণালয় এর নিজস্ব ওয়েব সাইট www.mincom.gov.bd এ পাওয়া যাবে।

১০. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://mincom.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১-০১-২০১৭ তারিখ, সকাল ১০.০০ টা

ii. Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ২২-০১-২০১৭ তারিখ সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন। তবে শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্রে Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুন: পূরণের ক্ষেত্রে পুন:পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কেও প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং হতে ০৫ নং ক্রমিক পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ০৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, **"Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি এবং অনলাইন আবেদনের ফিসহ মোট ১ নং হতে ০৫ নং ক্রমিক পর্যন্ত পদের জন্য ১১২/- (একশত বার) টাকা এবং ০৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS : mincom<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

দ্বিতীয় SMS : mincom<space>Yes<space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mincom.teletalk.com.bd অথবা বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mincom.gov.bd এর ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নলিখিত SMS **পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।**

i. User ID জানা থাকলে mincom<space>Help<space>User<space>User ID & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example : mincom Help User ABCDEF & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

ii. PIN Number জানা থাকলে mincom<space>Help<space>PIN<space>PIN No & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example : mincom Help PIN 12345678 & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

১১. প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। **মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে।** ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. জেলার স্থায়ী বাসিন্দা প্রমানের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

গ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরুপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২. বিবিধ:

ক. বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mincom.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

খ. নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(রুহিদাস জুদ্দার)
যুগ্মসচিব (প্রশা.-১)